

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রদান, ক্রয় এবং একত্রিকরণ শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.২৫.০০১.২২.৯৪৮

তারিখ: ৩০ আশ্বিন ১৪৩০

১৫ অক্টোবর ২০২৩

বিষয়: অনলাইনে এ-চালানের মাধ্যমে যথাযথ কোডে সরকারি কোষাগারে টাকা জমা বিষয়ক (জুম প্ল্যাটফরমে ওয়েবিনার) সভা।

সূত্র: গত ২৬.০৯.২০২৩খ্রি. তারিখের অনুষ্ঠিত বাজেট বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি কোষাগারে টাকা জমার ক্ষেত্রে অনলাইনে এ-চালানে টাকা জমা করার নির্দেশনা রয়েছে। সে মোতাবেক খাদ্য অধিদপ্তরের হিসাব ও অর্থ বিভাগ হতে একাধিকবার নির্দেশনা প্রদান এবং টাকা জমা করার যথাযথ কোড সরবরাহ করা হয়েছে। কিন্তু আইবাস++ রিপোর্ট পর্যালোচনায় দেখা যায়, খাদ্যশস্য বিক্রয় ও অন্যান্য সেবার বিপরীতে খাদ্য অধিদপ্তরের যথাযথ কোডে টাকা জমা হচ্ছে না। ফলে হিসাবায়নে জটিলতা সৃষ্টি হচ্ছে।

এমতাবস্থায়, সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সকল জেলা খাদ্য নিয়ন্ত্রক (সংশ্লিষ্ট একজন কর্মচারীসহ) এবং সকল উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে খাদ্য অধিদপ্তরের প্রাপ্য টাকা অনলাইনে এ-চালান এর মাধ্যমে সঠিক ও যথাযথ কোডে জমা করার বিষয়ে অনলাইনে জুম প্ল্যাটফরমে অবহিত করার লক্ষ্যে একটি সভা (Webinar) আহ্বান করা হয়েছে। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে জনাব আব্দুল্লাহ আল মামুন, অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর এবং বিশেষ অতিথি হিসেবে মো: মাহবুবুর রহমান, পরিচালক (চ:দা:) সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর উপস্থিত থাকবেন। সভায় সভাপতিত্ব করবেন জনাব মো: মাহমুদ হাসান, পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর।

নিম্নে উল্লেখিত বিভাগওয়ারী ব্যাচভিত্তিক সময়ে জুম আইডি-পাসওয়ার্ড ব্যবহার করে সংশ্লিষ্টদের উক্ত জুম সভায় (Webinar- এ) অংশগ্রহণের নির্দেশনা প্রদান করা হলো।

ক্রমিক নং	ব্যাচ নং	যে সকল বিভাগের জন্য প্রযোজ্য	সভার সময়	জুম আইডি ও পাসওয়ার্ড
১।	ব্যাচ-১	রংপুর, রাজশাহী, খুলনা ও বরিশাল	১৮ অক্টোবর ২০২৩ সকাল ১০.০০ ঘটিকা হতে ১১.৩০ পর্যন্ত	ID-928 3140 1043 Password- 685278
২।	ব্যাচ-২	ঢাকা, ময়মনসিংহ, সিলেট ও চট্টগ্রাম	১৮ অক্টোবর ২০২৩ বেলা ১২.০০ ঘটিকা হতে ১.৩০ পর্যন্ত	ID-958 0987 4850 Password- 629773

উল্লেখ্য যে, যথাসময়ে জুম প্ল্যাটফরমে অনুষ্ঠিতব্য ওয়েবিনারে অংশগ্রহণ করতে অংশগ্রহণকারীর ই-মেইল এড্রেস

প্রয়োজন হবে। সে মোতাবেক সঠিক ই-মেইল এড্রেসসহ সংশ্লিষ্ট সকলকে আবশ্যিকভাবে উক্ত জুম সভায় (Webinar-এ) উপস্থিত থাকার জন্য বলা হলো।



১৬-১০-২০২৩

মোঃ মাহমুদ হাসান

পরিচালক

ফোন: +৮৮-০২-২২৩৩৮৬৩০৬

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭

ইমেইল: daf@dgfood.gov.bd

বিতরণ :


- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,
খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/রাজশাহী/চট্টগ্রাম/ঢাকা।
সংশ্লিষ্টদের যথাসময়ে জুম প্ল্যাটফরমে অনুষ্ঠিতব্য
ওয়েবিনারে অংশগ্রহণের জন্য নির্দেশনা প্রদানের
অনুরোধসহ।
- ২) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)
- ৩) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.২৫.০০১.২২.৯৪৮/১(৪)

তারিখ: ৩০ আশ্বিন ১৪৩০
১৫ অক্টোবর ২০২৩

সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক (চলতি দায়িত্ব), সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৩) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৪) উপখাদ্য পরিদর্শক, মজুদ, বিক্রয় এবং ক্যাশ শাখা, খাদ্য অধিদপ্তর। খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে (নোটিশ বোর্ডে) প্রকাশের জন্য বলা হলো।



১৬-১০-২০২৩

মোঃ সাহিদার রহমান

উপপরিচালক